ড. মিজানুর রহমান আজহারীর মাহফিল উপলক্ষে পটুয়াখালীতে প্রস্তুতির তুঙ্গে

written by Chandradip News24 | January 6, 2025

জনপ্রিয় ইসলামিক বক্তা ড. মিজানুর রহমান আজহারীর আগমন উপলক্ষে পটুয়াখালীতে শুরু হয়েছে বিশাল কর্মযজ্ঞ। আগামী ২৫ জানুয়ারি জেলার কেন্দ্রীয় শহীদ মিনার মাঠে তার গুরুত্বপূর্ণ বক্তব্য দেওয়ার কথা রয়েছে। এই ঐতিহাসিক মাহফিল আয়োজন করছে পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশন।

রবিবার (৫ জানুয়ারি) দুপুরে পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ আল নাহিয়ান ও সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনার মাঠ পরিদর্শন করেন। আয়োজকদের প্রত্যাশা, এই মাহফিলকে কেন্দ্র করে ৫ লক্ষাধিক মানুষের সমাগম হবে।

শ্রোতাদের সুবিধার জন্য প্রস্তুত করা হচ্ছে কেন্দ্রীয় শহীদ মিনার মাঠসহ মোট ৮টি স্থান। এর মধ্যে ২টি মাঠ শুধু নারীদের জন্য নির্ধারিত থাকবে। পুরো অনুষ্ঠান সুশৃঙ্খলভাবে পরিচালনার লক্ষ্যে ৩০টি এলইডি প্রজেক্টর স্থাপন করা হচ্ছে।

পটুয়াখালী ওয়েলফেয়ার ফাউন্ডেশনের চেয়ারম্যান আব্দুল্লাহ আল নাহিয়ান বলেন, “ড. মিজানুর রহমান আজহারীর প্রোগ্রামে লক্ষ লক্ষ মানুষের সমাগম দেখে আমরা আনন্দিত। এটি সফলভাবে সম্পন্ন করা একটি বড় চ্যালেঞ্জ। আমরা সর্বোচ্চ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। ইনশাআল্লাহ, সবার সহযোগিতায় আমরা এই বিশাল আয়োজন সফল করতে পারব।”

স্থানীয় প্রশাসন ও আয়োজকদের সমন্বয়ে চলছে সার্বক্ষণিক প্রস্তুতি। আইনশৃঙ্খলা রক্ষায় বাহিনীর পাশাপাশি স্বেচ্ছাসেবক দল কাজ করবে। মাহফিলের শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করতে নেওয়া হয়েছে সব ধরনের প্রয়োজনীয় ব্যবস্থা।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম